



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.sunamganj.gov.bd



স্মারক নং-৫১.০১.৯০০০.০০০.৪২.০২৯.২০. ১০৪

তারিখ ২৪/১২/২০২০খ্রি:

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে জেলা প্রশাসক এর অনুকূলে উন্নয়ন খাতে উপ বরাদ্দ প্রদান।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১২১৪.২১৬.২০.২৭০. তারিখঃ ১০ ডিসেম্বর ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর অনুকূলে ২য় পর্যায়ে ১৪২৫০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ অনুযায়ী বিভিন্ন উপজেলা হতে প্রাপ্ত ১৪(চৌদ্দ) টি প্রকল্পের তালিকা জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন সাপেক্ষে ১৪ (চৌদ্দ) টি প্রকল্পের বিপরীতে ১৪২৫০০০/- (চৌদ্দ লক্ষ পচিশ হাজার) টাকা নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো। উপ বরাদ্দকৃত টাকা নিম্নলিখিত শর্ত মোতাবেক ব্যয় করতে হবে।

ক্রমিকনং	উপজেলার নাম	প্রতিষ্ঠানের নাম	টাকার পরিমাণ
০১	সুনামগঞ্জ সদর	অফিসার্স ক্লাব, সুনামগঞ্জ উন্নয়ন	২,২৫,০০০/-
০২	সুনামগঞ্জ সদর	ডিকেএইচ নিম্ন মাধ্যমিক উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন	১,৫০,০০০/-
০৩	সুনামগঞ্জ সদর	অটিস্টিক ও বুদ্ধি প্রতিবন্ধী স্কুলের লাইট খেরাপি ক্রয়	১,০০,০০০/-
০৪	সুনামগঞ্জ সদর	শাহ আরফিন মোকামের কাটাতারের বেড়া (২য় পর্যায়) সুনামগঞ্জসদর	১,৫০,০০০/-
০৫	সুনামগঞ্জ সদর	সুনামগঞ্জ প্রেসক্লাব, সুনামগঞ্জ এর আসবাবপত্র ক্রয় বাবদ	৫০,০০০/-
০৬	সুনামগঞ্জ সদর	প্রেসক্লাব সুনামগঞ্জ এর আসবাবপত্র ক্রয় বাবদ	৫০,০০০/-
০৭	সুনামগঞ্জ সদর	সুনামগঞ্জ রিপোর্টার্স ইউনিটির আসবাবপত্র ক্রয় বাবদ	৫০,০০০/-
০৮	সুনামগঞ্জ সদর	শ্রী শ্রী জগন্নাথ জিউর মন্দিরের উন্নয়ন	১,০০,০০০/-
০৯	সুনামগঞ্জ সদর	খ্রিস্টান মিশন, সুনামগঞ্জ চার্চের উন্নয়ন	৫০,০০০/-
১০	সুনামগঞ্জ সদর	সুনামগঞ্জ কেন্দ্রীয় জামে মসজিদের উন্নয়ন	১,০০,০০০/-
১১	শাল্লা	শ্যাম সুন্দর উচ্চ বিদ্যালয়, হবিবপুর ইউপি, শাল্লা	১,০০,০০০/-
১২	শাল্লা	অফিসার্স ক্লাব শাল্লা, সুনামগঞ্জ	১,০০,০০০/-
১৩	দিরাই	রফিনগর মাদ্রাসার বিদ্যুৎ সংযোগ স্থাপন, রফিনগর ইউপি, দিরাই	৫০,০০০/-
১৪	দিরাই	সজনপুর গ্রামে শ্মশান ঘাটের উন্নয়ন, রফিনগর ইউ পি, দিরাই	১,০০,০০০/-
		মোট	১৪,২৫০০০/-

শর্তাবলী:

- এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩০/০৬/২০২০খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- এই ব্যয় চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে;
- এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টিআর নির্দেশিকা-২০১৪ এ বর্ণিত অনুশাসনাবলী অনুসরণ করতে হবে।
- এ বরাদ্দের অর্থ দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায্য ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
- প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।

- ৭। বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রতি সপ্তাহে এ কার্যালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৮। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে।
- ৯। নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্যে ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- ১০। কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা।
- ১১। নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার তাঁর অনুকূলে জারিকৃত উপ-বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র upload করবেন।

উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর/ শাল্লা/ দিরাই, সুনামগঞ্জ।

১০০
২৭/১২/১৯
মোহাম্মদ শফিকুল ইসলাম
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক সুনামগঞ্জ এর পক্ষে
ফোন-০৮৭১-৬১৩৭৫

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ।
৫. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। (পত্রটি জেলা তথ্য বাতায়নে upload করার জন্য অনুরোধ করা হল।)
৬. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর/ শাল্লা/ দিরাই সুনামগঞ্জ।
৭. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর/ শাল্লা/ দিরাই সুনামগঞ্জ।
৮. অফিস নথি।